

পরিচিতি

পানি উন্নয়ন বোর্ড একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। নদী খনন, নদীর তীর সংরক্ষণের জন্য বাঁধ নির্মাণ, বাঁধ মেরামত ইত্যাদি এই প্রতিষ্ঠানের কার্যাবলীর অন্তর্ভুক্ত।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের হিসাব প্রয়োজনীয় পরিবর্তনসহ সরকারী গণপূর্ত হিসাব রক্ষণ পদ্ধতিতে সংরক্ষিত হয়। তবে, পানি উন্নয়ন বোর্ডের আয়-ব্যয় হিসাব, লাভ-ক্ষতি হিসাব, স্থিতিপত্র ইত্যাদি সাধারণ বাণিজ্যিক হিসাব সংরক্ষণ নিয়মাবলীর নির্দেশ মোতাবেক প্রস্তুত করা হয়। ইহাদের অনুমোদিত হিসাব সংরক্ষণ পদ্ধতি সংশ্লিষ্ট অধ্যায়ে সংক্ষিপ্ত ভাবে আলোচনা করা হইয়াছে।